গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
online news portal: rcbarta.com Fax: 0721-771511

স্মারক নং-রাক/২৬০৮........ তারিখ: ২৭/০৯/২০১৯

## ২০১৯ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইন-এর মাধ্যমে সম্পন্ন করা হবে। যে সকল শিক্ষার্থী (২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬) ২০১৮ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার ফরম পূরণে করেনি তাদের পুন:ভর্তির মাধ্যমে এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদেরকে জুন/২০১৯ মাসের বেতন ও সেশন চার্জ পরিশোধ করে আবেদন ফরম পূরণ, ফি জমাদান ও অন্যান্য তথ্যাদি নিম্নবর্ণিত সময়সূচির মধ্যে সম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে। এ ছাড়াও ছাত্রাবাস/ছাত্রীনিবাস তত্ত্বাবধায়কের এবং স্ব স্ব বিভাগের সেমিনার-এর পাওনা পরিশোধের ছাড়পত্র সংগ্রহেরও পরামর্শ দেয়া যাচ্ছে। ছাড়পত্র সংগ্রহের পর নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি মোতাবেক স্ব স্ব বিভাগে উপস্থিত হয়ে পরীক্ষার ফরম পূরণের কাজ সম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে।

**১। আবেদন ফরম পূরণের সময়সূচি:**

| তারিখ | অনার্স বিষয় | সময় | ফরম পূরণের স্থান |
|---|---|---|---|
| ২২/০৯/২০১৯ থেকে ২৮/০৯/২০১৯ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগ |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নকৃত বিবরণীর মূল প্রিন্টকপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট ০১/১০/২০১৯ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

**২। পরীক্ষার ফিস জমা: (নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)**

শিক্ষার্থীদের কলেজ ওয়েবসাইট (www.rc.edu.bd) এ প্রবেশ করে অনলাইন ফরম পূরণ মেন্যু ব্যবহার করে ফরম পূরণ প্রক্রিয়া সম্পাদন করবে। Students ID ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচ বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ২২/০৯/২০১৯ থেকে ২৮/০৯/২০১৯ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট/নোটিশ কর্নার থেকে ফি'র পরিমাণ জানা যাবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।
গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
ঘ) Bill No-এ আপনার **Student ID** টি দিন।
ঙ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।
চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।
জ) **অনলাইন ফরম পূরণ মেনুতে Student ID** submit করা হলে টাকা জমাদানের **Confirmation Slip** পাওয়া যাবে।

**DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)**

*** যে সকল শিক্ষার্থীর স্মার্টফোন আছে তারা rc.edu.bd/on-line-form-fillup অথবা সরাসরি 180.211.183.206/EasyCollegeMate/hons-form-fillup link-এ প্রবেশ করে নিজেরাই ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করে **Student ID** সংগ্রহ পূর্বক ফরম পূরণ করতে হবে।

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকাপি-১ কপি করে।
খ) অনলাইন আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ২ কপি রঙিন ছবি সংযুক্ত করে স্ব স্ব বিভাগের জমা দিতে হবে।
গ) ফরম পূরণের আবেদন ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

**পরীক্ষার ফিসের বিবরণ**

| ক্রঃ নং | পরীক্ষার ফি-এর বিবরণ | | ফি-এর পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২০০/- টাকা |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ১৪০/- টাকা |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | ২০০/- টাকা |
| ০৪ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>বিশ্ববিদ্যালয়ে জমা হবে ১০০/-<br>কলেজে জমা হবে ২০০/- | | ৩০০/- টাকা |
| ০৫ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | | ৪৫০/- টাকা |
| ০৬ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | | ১২০/- টাকা |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্বাবিদ্যালয়ে জমা হবে। | | ৩০০/- টাকা |
| ০৮ | ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি | ১ম দিনের জন্য (প্রতি শিক্ষার্থী) এবং | ১৩০/- টাকা |
| | | পরবর্তী প্রতিদিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ৭৫/- হারে |

E:\HUMAYON KABIR\H-3\BIGGAPTY-FORM-Fillup-2014 ON Line.doc

৪। **On-line-এর আবেদন ফরম পূরণের নিয়মাবলী:**

ক) শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) এ গিয়ে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে। ফরম পূরণের সময় নন-মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল বিষয় কোড নির্বাচন করলে তার সংশোধন করা হবে না।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১(এক) কপি ছবি ফরমের সাথে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

৫। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

**ক) নিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী যারা ২০১৮ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় Promoted বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেওয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৯ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে।

**খ) অনিয়মিত:** ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৭ ও ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্স সমূহে অংশগ্রহণ করবে।

**গ) গ্রেড উন্নয়ন :** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় যারা "C " বা "D " গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবেনা। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

৬। অনার্স পাঠ্যসূচী(Syllabus) :

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত ২০১৫-২০১৬ ও২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**(খ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা:**

* তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।

* ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional Promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

* একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না ,তার ফলাফল Not Promoted হবে।

* Promoted/Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছরে অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দুইটি) কোর্সে গ্রেড উন্নয়ণ পরীক্ষা দিতে পারবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না । F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

* ইন কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

৭। **পরীক্ষার্থীদের জন্য করণীয়:**

ক) পরীক্ষার্থীরা আবেদন ফরম সংগ্রহ করার পর (পরীক্ষার্থীর অংশ) স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

খ) আবেদন ফরমে নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

গ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে (বিয়কোড লিখতে) তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে।

ঘ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

ঙ) অবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে কলেজের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

৮। **বিভাগের জন্য করণীয়:**

ক) পরীক্ষার্থীদের পূরণকৃত আবেদন ফরম সঠিক ভাবে হয়েছে কি না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/honours) এ College Login প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১(কপি) কপি ছবি স্ব স্ব বিভাগে সংরক্ষণ করবেন।বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশ পত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়েতোর উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরন করতে হবে

গ) নিশ্চয়ন সম্পন্ন হলে On-line -এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে।

ঘ) ৩য় বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরম পূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্যজনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ হবে না। শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

**৯। ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:**

বিভাগীয় প্রধান পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স নম্বর আবেদন ফরম পূরণের সময়েই নির্ধারিত সফ্‌টওয়্যারের Online এ পরীক্ষার্থীদের রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে গালাসিল করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স তৃতীয় বর্ষ শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

**১০। ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ:**

ওয়েব সাইটে নির্দিষ্ট সফ্‌টওয়্যার এবং তার নির্দেশনা অনুযায়ী ব্যবহারিক নম্বর প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সফ্‌টওয়্যারে পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজি: নম্বর এবং প্রাপ্ত মোট নম্বর এন্ট্রি হওয়ার পর অনার্স বিষয় ভিত্তিক ০২ (দুই) কপি প্রিন্ট নিতে হবে। উক্ত প্রিন্ট কপি দুইটি বিভাগীয় প্রধান, অভ্যন্তরীণ ও বহি: পরীক্ষকের স্বাক্ষর হওয়ার পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অনার্স তৃতীয় বর্ষ শাখায় হাতে হাতে জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

*** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।

**বি:দ্র: নিয়মিত পরীক্ষার্থীদেরকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ফি DBBL এর মাধ্যমে এবং অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদেরকে কলেজের নির্ধারিত রূপালী ব্যাংক লিমিটেড, কে.এন.আই রোড, সাহেব বাজার শাখায় জমা দিতে হবে।**

স্বা:/
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং-রাক/২৬০৮(২৮)

তারিখ: ২৭/০২/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। আহ্বায়ক, তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০১৯, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী।
৫। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৬। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।
৭। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৮। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ 27/02/2023
রাজশাহী কলেজ, রাজশাহী।
27/02/2023

E:\HUMAYON KABIR\H-3\BIGGAPTY-FORM-Fillup-2014 ON Line.doc